গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) আধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০৭.২০-২০০

তারিখ: ০১ কার্তিক ১৪৩০ / ১২ সেপ্টেম্বর ২০২৩

**বিষয়ঃ স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ১০.০৮.২০২৩ তারিখ অনুষ্ঠিত স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো (কপি সংযুক্ত)। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি/গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি হার্ডকপি ও সফটকপি আকারে (ই-মেইল-monitor@hsd.gov.bd) নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(খন্দকার রবিউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪০৩৬২
monitor@hsd.gov.bd

**মন্ত্রণালয়/বিভাগ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৪. অতিরিক্ত সচিব (হাসপাতাল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫. অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৬. অতিরিক্ত সচিব (বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৭. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯. অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০. অতিরিক্ত সচিব (বাজেট), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১১. অতিরিক্ত সচিব (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১২. অতিরিক্ত সচিব (আইন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৩. অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৪. মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, তোপখানা রোড, ঢাকা
১৫. মহাপরিচালক (অটিজম সেল) (অতিরিক্ত দায়িত্ব), অটিজম অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১৬. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৭. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
১৮. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা
১৯. ব্যবস্থাপনা পরিচালক, ইডিসিএল, তেজগাঁও, ঢাকা।
২০. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালি, ঢাকা
২১. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
২২. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

(খন্দকার রবিউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সম্মেলন কক্ষ (ভবন নং# ৩, কক্ষ নং#৩৩২)
তারিখ ও সময় : ১০.০৮.২০২৩ খ্রিঃ, বেলা: ১১:০০ ঘটিকা

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার শুরুতেই বলেন, সুশাসন প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চার গুরুত্ব অপরিসীম। শুদ্ধাচার চর্চার মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে সেবাধর্মী আচরণ প্রতিষ্ঠা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও দুর্নীতি নির্মূল সম্ভব। তিনি করোনা মোকাবেলায় বর্তমান সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহের বাস্তবায়ন শুদ্ধাচার চর্চার মাধ্যমে অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৪) সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২. সভায় সর্বসম্মতিক্রমে গত ২১.০৬.২০২৩ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ৪র্থ কোয়ার্টারের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | সভায় ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২৩) সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>গত সভার সিদ্ধান্ত মোতাবেক বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৬ জুলাই/২০২৩ তারিখে ওয়েবসাইটে আপলোডপূর্বক মন্ত্রিপরিষদে প্রেরণ করা হয়। দপ্তর/সংস্থাগুলো তাদের বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করেছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br>সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জনে সচেষ্ট হওয়ার নির্দেশনা প্রদান করেন। | স্বাস্থ্য সেবা বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জনে সচেষ্ট হতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ/প্রশাসন-৪ |
| ২.২ | ৪র্থ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি<br>প্রাতিষ্ঠানিক ব্যবস্থা :<br>১.১ নৈতিকতা কমিটির সভা: সভাপতি কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির ৪র্থ সভা অনুষ্ঠিত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।<br>১.২: নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন: সভায় গত অর্থবছরের নৈতিকতা কমিটির চতুর্থ সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ক) নির্ধারিত প্রমাপ ও বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। | প্রশাসন অনুবিভাগ/সকল শাখা/প্রশাসন-৪ ও সকল অধিদপ্তর/সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| | গত সভার গৃহীত সিদ্ধান্ত ইতোমধ্যে শতভাগ বাস্তবায়িত হয়েছে মর্মে জানানো হয়। সভাপতি নির্ধারিত প্রমাপ ও বাস্তবায়নযোগ্য সিদ্ধান্ত গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন।<br><br>১.৩: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা: সভাপতি কর্মপরিকল্পনানুযায়ী অংশীজনের ১ম সভাটি সেপ্টেম্বর, ২০২৩ মাসের ১ম সপ্তাহে আয়োজন করতে অনুরোধ করেন।<br><br>১.৪: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষমাত্রা অনুযায়ী ১ম কোয়ার্টারের ১০০ জনের প্রশিক্ষণ সেপ্টেম্বর মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। তিনি কর্মকর্তাদের প্রশাসনিক তদন্ত করার বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার পরামর্শ দেন।<br><br>১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন:<br>সভায় কর্মপরিবেশ উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তাগণকে উন্নত কর্মপরিবেশ নিশ্চিতকরণে নির্দেশনা দেন।<br>১) নথি বিনষ্টকরণ/নিষ্পত্তিকরণ: সভায় ত্রৈমাসিক ভিত্তিতে নথি বিনষ্টের প্রস্তাব উপস্থাপন করা হয়। সভাপতি পুরাতন নথি শ্রেণিকরণপূর্বক বিনষ্টের প্রতি জোর দেন। তিনি প্রতি শাখায় দায়িত্বরত কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তাকে বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা-২০১৪ মোতাবেক নথি বিনষ্টের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে মর্মে মতামত দেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখার বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক প্রশাসন-২ শাখায় দ্রুত প্রেরণের নির্দেশনা প্রদান করেন। তিনি অতিরিক্ত সচিব (প্রশাসন) স্বাস্থ্য সেবা বিভাগকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সাথে সমন্বয় করে বাংলাদেশ সচিবালয় ক্লিনিক ভবনের ৫ম তলার বিভিন্ন শাখার বিনষ্টযোগ্য অপ্রয়োজনীয় নথি বিনষ্টকরণে পদক্ষেপ নিতে পরামর্শ দেন। তিনি যুগ্মসচিব (প্রশাসন) কে বিষয়টি সমন্বয় করতে অনুরোধ জানান।<br>২) কর্মপরিবেশ উন্নয়নকল্পে বাংলাদেশ সচিবালয় ক্লিনিক ভবনের ৫ম তলা পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য আন্তঃবিভাগ সমন্বয় সভা আয়োজন করা প্রয়োজন করে মর্মে সভায় মতামত ব্যক্ত করা হয়। ৫ম তলার লিফটের নিকট আলমারিসহ অন্যান্য অপ্রয়োজনীয় জিনিসপত্র সরিয়ে পরিষ্কার করতে হবে। সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগসহ অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানদের অফিসের সম্মুখে পড়ে থাকা পুরাতন গাড়ীগুলো এডিস মশার প্রজনন ক্ষেত্র হতে পারে মর্মে সাবধান করেন। তিনি পুরাতন গাড়ীসহ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল দ্রুত নিষ্পত্তি করতে পরামর্শ দেন।<br><br>১.৬ ফিডব্যাক কর্মশালা: ১ম ফিডব্যাক কর্মশালা ৩১.১০.২০২৩ তারিখের মধ্যে আয়োজন করার ব্যাপারে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | খ) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা সেপ্টেম্বর, ২০২৩ মাসের ১ম সপ্তাহে সভা আয়োজন করতে হবে।<br><br>গ) ১ম কোয়ার্টারের ১০০ জনের প্রশিক্ষণ সেপ্টেম্বর মাসের মধ্যে সম্পন্ন করতে হব।<br><br>ঘ) কর্মকর্তাগণকে প্রশাসনিক তদন্ত কার্যে দক্ষ করতে প্রশিক্ষণ দিতে হবে।<br><br>ঙ) কর্মকর্তা-কর্মচারীদের কর্মপরিবেশ উন্নত করতে হবে।<br><br>চ) প্রতি শাখার দায়িত্বরত কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তাকে বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা-২০১৪ মোতাবেক নথি বিনষ্টের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br><br>ছ) স্বাস্থ্য সেবা বিভাগের সকল শাখার বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়নপূর্বক প্রশাসন-২ শাখায় দ্রুত প্রেরণ হবে।<br><br>জ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সাথে সমন্বয় করে বাংলাদেশ সচিবালয় ক্লিনিক ভবনের ৫ম তলার বিভিন্ন শাখার অপ্রয়োজনীয় নথি বিনষ্টকরণের দ্রুত পদক্ষেপ নিতে হবে। যুগ্মসচিব (প্রশাসন) বিষয়টির সমন্বয়ের দায়িত্ব পালন করবেন।<br>ঝ) বাংলাদেশ সচিবালয় ক্লিনিক ভবনের ৫ম তলার পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য আন্তঃবিভাগ সভা আয়োজন করতে হবে।<br>ঞ) স্বাস্থ্য সেবা বিভাগসহ অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানদের অফিসের সম্মুখে পড়ে থাকা পুরাতন গাড়ীসহ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল অপসারণের আইনানুগ ব্যবস্থা নিতে হবে।<br><br>ট) ১ম ফিডব্যাক কর্মশালা ৩১.১০.২০২৩ তারিখের মধ্যে আয়োজন করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | আর্থিক ব্যবস্থাপনা ও উন্নয়ন:<br>সভায় বার্ষিক ক্রয় পরিকল্পনা, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা, পিআইসি সভা এবং প্রকল্প শেষে সম্পদ হস্তান্তরবিধি সম্পর্কিত বিশদ আলোচনা হয়। | | উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ |
| | ২.১ রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ: সভায় জানানো হয় যে, নির্ধারিত সময়ের মধ্যে রাজস্ব খাতের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। কিন্তু উন্নয়ন খাতের অনেক অপারেশনাল প্ল্যান/প্রকল্পের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে আপলোড করা হয়নি। সভাপতি উক্ত অপারেশনাল প্ল্যান ও প্রকল্পের ক্রয় পরিকল্পনাগুলো আগামী ৭ কর্ম দিবসের মধ্যে মন্ত্রণালয়ের অনুমোদন নিয়ে ওয়েবসাইটে আপলোড করার জন্য সকল লাইন ডাইরেক্টর ও প্রকল্প পরিচালককে পত্র প্রেরণ করতে হবে এবং অনুমোদনে বর্থ্যতায় কারণ দর্শানোর জন্য নির্দেশনা প্রদান করেন। হাসপাতাল অনুবিভাগকে বিষয়টি মনিটরিং করতে বলেন। | ক) অপারেশনাল প্ল্যান ও প্রকল্পের ক্রয় পরিকল্পনাগুলো আগামী ৭ কর্ম দিবসের মধ্যে মন্ত্রণালয়ের অনুমোদনপূর্বক ওয়েবসাইটে আপলোড করতে সকল লাইন ডাইরেক্টর ও প্রকল্প পরিচালককে নির্দেশনা মোতাবেক পত্র প্রেরণ করতে হবে। হাসপাতাল অনুবিভাগ বিষয়টি মনিটরিং করবে। | |
| | ২.২ বার্ষিক ক্রয় পরিকল্পনার বাস্তবায়ন: সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতি ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী উন্নয়ন ও রাজস্বখাতের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করতে অনুরোধ করেন। | খ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক ২০২৩-২০২৪ অর্থবছরের প্রতি ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী উন্নয়ন ও রাজস্বখাতের ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | |
| | ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন: সভাপতি কর্মপরিকল্পনার ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা মোতাবেক বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করতে নির্দেশনা প্রদান করেন। | গ) কর্মপরিকল্পনার ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা মোতাবেক বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। | |
| | ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন: চলতি অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ১২৩টি PSC এবং ১১৩টি PIC সভা আয়োজন এবং ১ম কোয়ার্টারে ৩০টি PSC ও ২৯টি PIC সভা আয়োজন করতে হবে মর্মে সভায় মতামত ব্যক্ত হয়। | ঘ অর্থবছরে ২০২৪-২০২৩ (১২৩টি PSC এবং ১১৩টি PIC সভা আয়োজন করতে হবে। ১ম কোয়ার্টারে ৩০টি PSC ও ২৯টি PIC সভা আয়োজন করতে হবে। | |
| | ২.৫ প্রকল্প সমাপ্তি শেষে বিধি মোতাবেক হস্তান্তর: ২০২২-২০২৩ অর্থবছরে ৩০ জুন ২০২৩ তারিখে শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ এবং নার্সিং ইনস্টিটিউট (২য় সংশোধিত) প্রকল্প ও আই হেলথ প্রোমোশন এন্ড প্রিভেনশন অব ব্লাইন্ডনেস ইন সিলেকটেড এরিয়াস অব বাংলাদেশ (১ম সংশোধিত) প্রকল্পটি ২০২৩ সালের ৩০ জুন শেষ হয়েছে। আগামী ৩১ আগস্টের মধ্যে প্রকল্পের সম্পদ (আসবাব পত্র, কম্পিউটার ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। | ঙ) শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ এবং নার্সিং ইনস্টিটিউট (২য় সংশোধিত) প্রকল্প ও আই হেলথ প্রোমোশন এন্ড প্রিভেনশন অব ব্লাইন্ডনেস ইন সিলেকটেড এরিয়াস অব বাংলাদেশ (১ম সংশোধিত) প্রকল্পের সম্পদ (আসবাব পত্র, কম্পিউটার ইত্যাদি) আগামী ৩১ আগস্টের মধ্যে বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ২.৪ | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:<br>শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক মন্ত্রণালয়ের গৃহীত বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।<br><br>৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ: সভায় আলোচনা হয় যে গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ গ্রহণকারী সরকারী কর্মকর্তাগণকে অর্থবছর শেষে সরকারি বা প্রকল্পের কোন গাড়ি ব্যবহার করেন না মর্মে প্রত্যয়ন পত্র প্রদান করতে করতে বলা হয়েছে। | ক) গাড়ি ক্রয়ের জন্য সুদমুক্ত ঋণ গ্রহণকারী সরকারী কর্মকর্তাগণকে অর্থবছর শেষে সরকারি বা প্রকল্পের কোন গাড়ি ব্যবহার করেন না মর্মে প্রত্যয়ন পত্র প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণ/ প্রশাসন-৪ |
| | ৩.২ সভাপতি জাতীয় কিডনি ডিজিজেজ এন্ড ইউরোলজী ইনস্টিটিউট হাসপাতালের কার্যক্রম স্মার্ট করার লক্ষ্যে অটোমেশন চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি দেশের প্রতিটি হাসপাতালকে পর্যায়ক্রমে অটোমেশনের আওতায় আনতে পরিচালক, এমআইএস স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে নির্দেশ দেন। তিনি সকল হাসপাতালকে অটোমেশনের আওতায় আনয়ণের কাজটি মনিটরিং করতে পরিকল্পনা অনুবিভাগকে নির্দেশনা প্রদান করেন। | খ) জাতীয় কিডনি ডিজিজেজ এন্ড ইউরোলজী ইনস্টিটিউট হাসপাতালের কার্যক্রম স্মার্ট করতে অটোমেশন চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তপক্ষকে পত্র প্রেরণ করতে হবে।<br><br>গ) দেশের প্রতিটি হাসপাতালকে পর্যায়ক্রমে অটোমেশনের আওতায় আনতে পরিচালক, এমআইএস স্বাস্থ্য অধিদপ্তরকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক, জাতীয় কিডনি ডিজিজেজ এন্ড ইউরোলজী ইনস্টিটিউট হাসপাতাল, ঢাকা। |
| | ৩.৩ সভাপতি নাটোর জেলা হাসপাতালে স্টক ম্যানেজমেন্টের স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত সফটওয়্যার চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তপক্ষকে পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | ঘ) নাটোর জেলা হাসপাতালে স্টক ম্যানেজমেন্টের স্বচ্ছতা নিশ্চিতকরণের নিমিত্ত সফটওয়্যার চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ করতে হবে। | তত্ত্বাধয়ক, নাটোর জেলা হাসপাতাল, নাটোর। |
| | ৩.৪ সভাপতি ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল কুষ্টিয়ায় ভর্তিকৃত রোগীদের ঔষধ বিতরণে স্বচ্ছতা আনয়নের নিমিত্ত সফটওয়্যার চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | ঙ) ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল কুষ্টিয়ার ভর্তিকৃত রোগীদের ঔষধ বিতরণে স্বচ্ছতা আনয়নের নিমিত্ত সফটওয়্যার চালু করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্তপক্ষকে পত্র প্রেরণ করতে হবে। | তত্ত্বাধয়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা হাসপাতাল, কুষ্টিয়া। |
| ২.৫ | নৈতিকতা কমিটির কার্যপরিধিভূক্ত বিষয়ঃ<br>সভাপতি নৈতিকতা কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রতিবন্ধকতা খুঁজে বের করতে নির্দেশনা প্রদান করেন।<br><br>সভায় আলোচনা হয় যে, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা মোতাবেক হাসপাতাল পরিদর্শনের জন্য তৈরিকৃত নতুন ফরমে এপিএ/শুদ্ধাচার অংশটি অন্তর্ভুক্ত করা প্রয়োজন।<br><br>স্বাস্থ্য সেবা বিভাগের কর্মকর্তাগণ সারাদেশের হাসপাতালসমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করছেন। সভাপতি হাসপাতাল পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো | ক) নৈতিকতা কমিটিতে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রতিবন্ধকতা খুঁজে বের করতে হবে।<br><br>খ) জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা মোতাবেক হাসপাতাল পরিদর্শনের জন্য তৈরিকৃত নতুন ফরমে এপিএ/শুদ্ধাচার অংশটি অন্তর্ভুক্ত করতে হবে। | সংশ্লিষ্ট অনুবিভাগ/ দপ্তর/ এপিএ টিম |

| | | | |
|---|---|---|---|
| | বাস্তবায়ন ফলোআপ করার জন্য মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান শাখাকে নির্দেশনা প্রদান করেন।<br><br>প্রতিবেদন দাখিল করছেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>পরিচালক, এমআইএস স্বাস্থ্য অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, বর্তমানে দেশের প্রায় ৫৪টি হাসপাতালে অটোমেশন চালু আছে। ৫০টি হাসপাতালে অটোমেশন বাস্তবায়নের পর্যায়ে রয়েছে। ডিপিপির মাধ্যমে আগামীতে ৬২৩টি হাসপাতালকে অটোমেশনের আওতায় আনার পরিকল্পনা রয়েছে। সভাপতি ২০২৪ সালের মধ্যে পর্যায়ক্রমে দেশের সকল হাসপাতালকে অটোমেশনের আওতায় আনয়নের নির্দেশনা প্রদান করেন।<br><br>সভায় ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা হাসপাতালসমূহের ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন অনুসরণের উপর জোর দেওয়া হয়। | গ) মনিটরিং স্বাস্থ্য প্রতিষ্ঠান শাখা হাসপাতাল পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়ন ফলোআপ করবে।<br><br>ঘ) প্রতিবেদন দাখিল করতে হবে।<br><br>ঙ) ২০২৪ সালের মধ্যে পর্যায়ক্রমে দেশের সকল হাসপাতাল অটোমেশন চালুর মাধ্যমে স্বাস্থ্যসেবায় শৃংখলা আনতে হবে।<br><br>চ) ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও জেলা হাসপাতালসমূহের ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে আর্থিক ক্ষমতা অর্পন সংক্রান্ত অনুশাসন অনুসরণ করতে হবে। | |

৩. এজেন্ডাভিত্তিক আলোচনা শেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

৪/৯/২০২৩

(ড.মু: আনোয়ার হোসেন হাওলাদার)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়